[redacted]

[redacted]

কোটচাঁদপুরে দুই বছরের সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার

মহেশপুরের দিন মন্ডলকে কোটচাঁদপুর থেকে আটক করেছেন, ঝিনাইদহ র্যাব ৬। আজ রবিবার দুপুরে ঝিনাইদহের র্যাব ৬ তাকে স্থানীয় লক্ষীপুর বাজার থেকে আটক করেন।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, গেল ২০০৯ সালে দিন মন্ডল মাদক মামলায় আটক হয়। এরপর জামিনে বাড়িতে আসেন। মাদকের ওই মামলায় দিন মন্ডলের ২ বছরের সাজা হয়।

তাঁরপর থেকে নিজ বাড়ি মহেশপুরের ন্যাপা গ্রাম ছেড়ে আত্মগোপনে থাকেন, কোটচাঁদপুর উপজেলার দোড়া ইউনিয়নের শিব নগর গ্রামে। ওই গ্রামে সে দীর্ঘ ১৫ বছর যাবৎ তাঁর পরিবার নিয়ে বসবাস করছিল।

আজ রবিবার দুপুরে ঝিনাইদহ র্যাব ৬ গোপন সংবাদে জানতে পারেন তিনি কোটচাঁদপুরের লক্ষিপুুর বাজারে আত্মগোপনে থাকেন।

এরপেক্ষিতে ওইদিন দুপুরে লক্ষিপুর গ্রামের বাজারে অভিযান চালিয়ে তাঁকে আটক করেন র্যাব-৬। পরে তাঁকে মহেশপুর থানা পুলিশের কাছে হস্তান্তর করেছেন র্যাব ৬।

বিষয়টি নিশ্চিত করেছেন, মহেশপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) মাহবুবুর রহমান বলেন,খবরটি শুনেছি। এরপর থানা থেকে র্যাব-৬ ক্যাম্পে আসামি আনতে পুলিশ পাঠানো হয়েছে।

গাংনীতে সাজাপ্রাপ্ত আসামিসহ ৭

জন আটক

মেহেরপুরের গাংনীতে সাজাপ্রাপ্ত আসামিসহ ৭ জনকে আটক করেছে থানা পুলিশ। গতকাল বুধবার (২৫ অক্টোবর) রাতভর থেকে বৃহস্পতিবার ভোর পর্যন্ত অভিযান চালিয়ে মাদক উদ্ধারজনিত মামলায় ৪ জন,অন্যান্য মামলা ১ জন ও গ্রেফতারি পরোয়ান মূলে ২ জনকে আটক করা হয়।

আটককৃতরা হলেন গাংনী উপজেলার রাজাপুর গ্রামের ওয়াজেদ কারীকরের ছেলে সাইদুল ইসলাম (৪০),৭নং ওয়ার্ড ভিটাপাড়ার মৃত মহাসিন আলীর ছেলে মীর মহিদুল ওরফে মুকুল (৪৮), মাইলমারী মন্ডলপাড়ার মৃত দবির উদ্দীনের ছেলে মোঃ সেকেন্দার আলী(৪৫),সাহারবাটি গ্রামের মৃত নেক মোহাম্মদের ছেলে মোঃ তরিকুল আলী(৪০), কাজিপুর হাজীপাড়ার মোঃ রুপচাঁনের ছেলে আমিরুল ইসলাম(৩৮), করমদী মধ্যপাড়ার মৃতঃ আঃ কুদ্দুসের ছেলে মাগরীব আলী,আকুবপুরের মৃত জামাত আলীর ছেলে মোঃ নান্নু (২০)।

গাংনী থানার ওসি তাজুল ইসলাম জানান, সাজাপ্রাপ্ত মাদক মামলার আসামিসহ বিভিন্ন মামলায় ৭ জনকে আটক করে আদালতে প্রেরণ করা হয়েছে।

কার্পাসডাঙ্গায় সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার

কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের অভিযানে বিশেষ ক্ষমতা আইনে (সাজাপ্রাপ্ত) আসামী গ্রেফতার।

জানা গেছে চুয়াডাঙ্গা দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা আরামডাঙ্গা চুরি ও বিশেষ ক্ষমতা আইনে সাজাপ্রাপ্ত আসামি মিনারুল
(৩৮) পিতা আ: করিম’কে নিজ বাড়ি থেকে অভিযান চালিয়ে রাত ৩ টার সময় গ্রেফতার করেন পুলিশ।

এই অভিযানে অংশ নেন কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের এস আই ইমরান হোসেন ও এ এস আই মোসলেম উদ্দিন সহ সঙ্গীয় ফোর্স নিয়ে আসামিকে

নিজ বাড়িতে থেকে গ্রেফতার করেন।

পুলিশ সূত্রে জানা গেছে ধৃত আসামিকে গতকাল দামুড়হুদা মডেল থানায় সোপর্দ করা হয়েছে বলে জানান। একের পর এক অভিযানে সফল হওয়ায় কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের সকল সদস্যদের’কে সাধুবাদ জানিয়েছে কার্পাসডাঙ্গা ইউনিয়নবাসী।

চুয়াডাঙ্গায় সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমানের নেতৃত্বে এসআই(নিঃ) মোঃ হারুন উর রশিদ, পিপিএম সংগীয় অফিসার ও ফোর্সসহ বৃহস্পতিবার সকাল নয়টার সময় চুয়াডাঙ্গা সদর থানাধীন সরোজগঞ্জ বাজার এলাকায় অভিযান পরিচালনা করে পুলিশ কর্তৃক পরোয়ানাভুক্ত আসামি গ্রেফতার করা হয়।

পুলিশ করে সিআর-৮০৯/১২, এসসি-২১৯/১৩ সংক্রান্তে ০৬(ছয়) মাসের সশ্রম কারাদন্ড এবং ১,৭৫,০০০/-(এক লক্ষ পচাত্তর হাজার) টাকা জরিমানা অনাদায়ে আরো ০৩(তিন) মাসের বিনাশ্রম কারাদন্ড গ্রেফতারী পরোয়ানাভুক্ত চুয়াডাঙ্গা জেলার মেজর হাবিবপাড়া মৃত আনছার আলীর ছেলে আবুল কাশেম গ্রেফতার করে।

আসামীকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে বলে জানান চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান।

মেহেরপুরে মাদক মামলায়

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বুধবার দিবাগত রাতভর দুটি উপজেলার বিভিন্ন এলাকায় পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

সদর থানার ওসি সাইফুল ইসলাম ও গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

আজ বৃহস্পতিবার (২৭ জুলাই) বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে ১ ও ৩ বছরের সাজাপ্রাপ্ত গ্রেফতার

মুজিবনগর থানায় মাদক মামলায় ৩ বছরের ও সদর থানায় ১ বছরের সাজাপ্রাপ্ত পলাতাক আসামিকে গ্রেফতার করেছে।

এরা হলেন, মুজিবনগরের দারিয়াপুর গ্রামের আবু তাহেরের ছেলে আব্দুল হালিম ও সদর উপজেলার পিরোজপুর গ্রামের আফছার আলীর ছেলে আব্দুল হামিদ।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল বলেন, একটি মাদক মামলায় আদালতের পরোয়ানাভূক্ত জিআর নং ৬/২০ এর ৩ বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামি আব্দুল হালিমকে এএসআই আব্দুর রাজ্জাকের নেতৃত্বে তার বাড়িতে অভিযান চালিয়ে গ্রেফতার করা হয়েছে।

অপরদিকে সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, মাদক মামলায় ১ বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামি আদালতের পরোয়ানাভূক্ত জিআর নং ৫৭২/০৯ আসামি আব্দুল হামিদকে তার বাড়িতে এসআই শাহাজামালের নেতৃত্বে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়েছে।

গতকাল মঙ্গলবার দিবাগত রাতে পৃথক সময়ে পুলিশ গোপন সংবাদে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতদের আজ বুধবার (৭ জুন) দুপুরের দিকে মেহেরপুর আদালতে

মেহেরপুরে পুলিশের অভিযানে সাজাপ্রাপ্তসহ গ্রেফতার-৪

মেহেরপুর সদর থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে একজন সাজাপ্রাপ্তসহ ৪ আসামি গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে নিয়মিত মামলায় ১, আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১, সিআর মামলায় ১ ও সিআর মামলায় সাজাপ্রাপ্ত ১ আসামি রয়েছে।

সিআর ৩৫০/১৩ নং মামলায় সাজাপ্রাপ্ত আসামি হলেন, মেহেরপুর শহরের থানাপাড়া এলাকার লিয়াকত আলীর ছেলে তোহিদুল ইসলাম (৫০)। সদর থানার এএসআই আবুল বাশার সঙ্গীয়ফোর্স নিয়ে তার বাড়িতে অভিযান চালিয়ে তোহিদুলকে গ্রেফতার করেন।

গতকাল বুধবার (১৭ মে) দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ বৃহস্পতিবার ভোররাত পর্যন্ত মেহেরপুর সদর থানার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামিদের গ্রেফতার করেন।

আজ বৃহস্পতিবার (১৮ মে) সকাল ১২ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে সাজাপ্রাপ্ত আসামি

[redacted]

[redacted] [redacted] [redacted] [